অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/8/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল SECOND AVENUE SUBWAY প্রজেক্টের ফেজ 2-এর প্রধান নির্মাণ পর্যায়ের জন্য কাজ শুরু হওয়াকে উদযাপন করলেন

গভর্নর টানেল বোরিং মেশিন স্থাপনের জায়গায় কাজ শুরু করার জন্য MTA-এর নেতাদের সাথে যোগ নেন

ফেজ 1 থেকে পাওয়া শিক্ষার ফলে 1 বিলিয়ন মার্কিন ডলার কম খরচ হচ্ছে; প্রজেক্টটির অর্থায়ন আংশিকভাবে যানজটের উপর দাম বসানোর ফলে পাওয়া রাজস্ব দিয়ে করা হচ্ছে

প্রথম প্রস্তাবের প্রায় এক শতাব্দী পর, Second Avenue Subway-এর ফেজ 2 প্রতিদিন ইস্ট হার্লেমের 100,000 যাত্রীর জন্য নতুন পরিবহন সংযোগ নিয়ে আসবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে রূপান্তরমূলক Second Avenue Subway প্রজেক্টের ফেজ 2-এর প্রধান নির্মাণ পর্যায়ের কাজ শুরু করতে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) নেতা, নির্বাচিত জনপ্রতিনিধি এবং হার্লেম (Harlem) কমিউনিটির নেতাদের সাথে যোগ দেন। এই কাজ শুরুর অনুষ্ঠানটি যে স্থানে অনুষ্ঠিত হয় সেখানে 2027 সালের শুরুতে অত্যাধুনিক টানেল বোরিং মেশিন (Tunnel Boring Machine, TBM) মাটির নিচে নামানো হবে এবং 120 Street ও 2nd Avenue থেকে 125 Street ও Malcolm X Boulevard পর্যন্ত নতুন সাবওয়ে টানেল খনন শুরু করবে।

গভর্নর আরো ঘোষণা করেন যে এপ্রিল মাসে প্রজেক্টটির জন্য ফেডারেল তহবিল পুনরায় ফেরত পাওয়ার পর MTA এই ফেজের 105 Street থেকে 110 Street পর্যন্ত বিস্তৃত শেষ টানেল অংশ নির্মাণের জন্য পরবর্তী বড় চুক্তি প্রদান করেছে, যার মধ্যে ভবিষ্যতের 106 St Station থাকবে, এবং "কাট অ্যান্ড কভার" পদ্ধতি ব্যবহার করা হবে। MTA 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় করতে ফেজ 1 থেকে পাওয়া শিক্ষা কাজে লাগাচ্ছে এবং নির্ধারিত সময়ের আগে গুরুত্বপূর্ণ ইউটিলিটি স্থানান্তরের কাজ শেষ করতে সঠিক পথে আছে, ফলে প্রজেক্টের বাকি কাজ মূল সময়সূচির তুলনায় 6 মাস আগে শুরু করা সম্ভব হবে।

"Second Avenue Subway ইস্ট হার্লেমের জন্য সবকিছু বদলে দিবে, মানুষের মূল্যবান সময় বাঁচাবে এবং এমন সুযোগ সম্ভব করবে যা অনেক দিন ধরে অনেক মানুষের নাগালের বাইরে ছিলো," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ইস্ট হার্লেমে একটি Second Avenue-এর সাবওয়ের জন্য এর আগে শেষ কাজ শুরু হয়েছিলো 54 বছর আগে, কিন্তু পরে সেই প্রজেক্ট পরিত্যক্ত হয় এবং এই কমিউনিটিকে অবহেলা করা হয়। আমি গভর্নর হওয়ার পর প্রতিশ্রুতি

দিয়েছিলাম যে এই কাজ শেষ করার জন্য নেতৃত্ব আমিই দিবো, এবং আজকে এই প্রজেক্টের প্রধান নির্মাণ পর্যায়ের কাজ শুরু করার মাধ্যমে আমরা প্রায় এক শতাব্দীর স্বপ্ন বাস্তবায়নের বোরো একটি ধাপ এগিয়ে গেলাম।"

অত্যাধুনিক ভ্যারিয়েবল ডেনসিটির টানেল বোরিং মেশিনগুলি আগামী বছরের শুরুতে সরবরাহ করা হবে। দেড় মিলিয়ন পাউন্ডের বেশি ওজনের মেশিনগুলিতে 23 ফুট টাংস্টেন কার্বাইড কাটার হেড সংযুক্ত থাকবে। TBM যে ধরনের উপাদানের মুখোমুখি হবে তার উপর ভিত্তি করে নিজের খনন পদ্ধতি পরিবর্তন করতে পারবে, শক্ত পাথরের জন্য এক ধরনের ড্রিল এবং নরম মাটি বা বালির জন্য অন্য ধরনের ড্রিল ব্যবহার করা হবে। হার্লেমের নিচ দিয়ে চলার সময় TBM এছাড়াও টানেলের ভেতরের লাইনিংকেও জোরদার করবে। TBM 120 Street সাইট থেকে যাত্রা শুরু করে 125 Street ও Malcolm X Boulevard পর্যন্ত যাবে।

আজকের ফেজ 2 প্রজেক্টের মাইলফলকের পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) এবং MTA ইতিমধ্যে Q train-কে 125th Street ধরে পশ্চিম দিকে Broadway পর্যন্ত সম্প্রসারণের সম্ভাব্য পরবর্তী পর্যায়ের পরিকল্পনা ও নকশা প্রণয়নের কাজ করছে, যেখানে 3টি নতুন স্টেশন এবং 160,000-এর বেশি প্রতিদিনের যাত্রী থাকবেন। 2024 সালে গভর্নরের ঘোষিত MTA সম্ভবপরতা স্টাডি (feasibility study) শেষ হওয়ার পর, এই বছরের 2027 অর্থবছরের (Fiscal Year, FY) পাশ করা স্টেট বাজেটে (enacted state budget) টানেল সম্প্রসারণের প্রাথমিক প্রকৌশল ও নকশা প্রণয়ন এবং দ্রুততর পরিবেশগত পর্যালোচনা প্রক্রিয়ার অনুমোদনের জন্য 25 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল নিশ্চিত করা হয়েছে। প্রজেক্টটি অগ্রসর করা হলে, ফেজ 2-তে ব্যবহৃত প্রায় একই ধরনের অনেক সরঞ্জাম ব্যবহার করে টানেলের কাজ নির্বিঘ্নে চালিয়ে যাওয়া সম্ভব হবে, যা সময় ও অর্থ উভয়ই সাশ্রয় করবে।

Second Avenue Subway-এর ফেজ 2-কে চারটি চুক্তিতে ভাগ করা হয়েছে, যেখানে ফেজ 1-এ 10টি চুক্তি ছিলো, যাতে প্রজেক্টের দক্ষতা বৃদ্ধি পায় এবং জটিল ঠিকাদার সমন্বয়ের প্রয়োজন কমে। টানেল খননের কাজ চুক্তি 2-এর অংশ, যার মূল্য 1.97 বিলিয়ন মার্কিন ডলার, এর মধ্যে ঠকাবে TBM-এর জন্য শ্যাফট খনন, ভবিষ্যৎ স্টেশনগুলির জন্য নিয়ন্ত্রিত বিস্ফোরণ এবং 1970-এর দশকে নির্মিত বিদ্যমান টানেলগুলিতে অ্যাসবেস্টস এবং সীসা অপসারণের কাজ। আজকের কাজ শুরু হওয়ার অনুষ্ঠানে MTA এবং গভর্নর Hochul (হোকল) ফেজ 2-এর আরেকটি প্রধান অংশ চুক্তি 3-এর অগ্রগতির ঘোষণা দেন। চুক্তি 3-এর মাধ্যমে নতুন 106 St Station-এর কাঠামোগত বাইরের আবরণ এবং সংশ্লিষ্ট টানেল নির্মাণ করা হবে, যা স্টেশনের উত্তর ও দক্ষিণে থাকা বিদ্যমান টানেলগুলিকে সংযুক্ত করবে, যেই কাজ ঠিকাদার আগামী কয়েক মাসের মধ্যে কাজ শুরু করবে বলে আশা করা হচ্ছে। পুরো Second Avenue Subway প্রজেক্টের ফেজ 2-এর বাজেট 6.968 বিলিয়ন মার্কিন ডলার এবং এটি 2032 সালে যাত্রীসেবা শুরু করার লক্ষ্যে নির্ধারিত সময়সূচি অনুযায়ী অগ্রসর হচ্ছে।

MTA-এর চেয়ারম্যান ও CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "আজ থেকে 80 বছর, অর্থাৎ একটি পূর্ণ জীবনকাল আগে Second Avenue El ভেঙ্গে ফেলার কাজ শুরু হয়েছিলো। আজকের কাজ শুরু হওয়া হলো এটি সিটির সবচেয়ে বেশি গণপরিবহননির্ভর কমিউনিটি, ইস্ট হার্লেমের জন্য পরিবহন ন্যায়বিচার নিশ্চিত করার পথে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

MTA কনস্ট্রাকশন ও ডেভেলপমেন্টের (MTA Construction & Development) প্রেসিডেন্ট Jamie Torres-Springer (জেমি টরেস-স্প্রিঙ্গার) বলেন, "নতুন MTA ইস্ট হার্লেম কমিউনিটিতে সাবওয়ে সেবা পৌঁছে দেওয়ার অনেক দিনের প্রতিশ্রুতি বাস্তবায়ন করছে। ফেজ 1 থেকে পাওয়া শিক্ষা কাজে লাগিয়ে আমরা এই প্রজেক্টকে আরো ভালোভাবে, আরো দ্রুত, এবং আরো কম খরচে বাস্তবায়ন করছি, এবং এখন পর্যন্ত 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় করতে পেরেছি।"

ফেজ 1 থেকে শেখা ব্যয় নিয়ন্ত্রণের কৌশল ব্যবহার

প্রধান অবকাঠামোর প্রজেক্টগুলিকে আরো ভালোভাবে, আরো দ্রুত, এবং আরো কম খরচে বাস্তবায়ন করতে MTA-এর প্রতিশ্রুতির অংশ হিসেবে, ফেজ 2-এর চুক্তিগুলিতে Second Avenue Subway-এর ফেজ 1 থেকে পাওয়া শিক্ষা কাজে লাগানো হয়েছে।

ইউটিলিটির স্থান পরিবর্তনের প্রয়োজনীয়তাগুলিকে আগে থেকেই সমাধান করে রাখলে পরে নির্মাণ চলার সময় অপ্রত্যাশিত খরচের বা বিলম্বের ঝুঁকি কমে যায়, বিশেষ করে নিউ ইয়র্ক সিটিতে (New York City), যেখানে বিশ্বের সবথেকে জটিল মাটির নিচের ইউটিলিটি নেটওয়ার্কগুলির একটি আছে যার মধ্যে অধিকাংশের মানচিত্র নেই।

ফেজ 2-এর অন্যান্য খরচ কমানোর উদ্যোগের মধ্যে আছে: 1970 এর দশকে নির্মিত Second Avenue-এর পাশে 110 Street থেকে 120 Street পর্যন্ত টানেলের একটি অংশের নতুন করে ব্যবহার, রিয়েল এস্টেটের জন্য আগে জমি নিয়ে নেওয়া, উদ্ভাবনী চুক্তির কাঠামো, যেমন সেরা মূল্য (best-value), পারফর্ম্যান্সভিত্তিক চুক্তি, ডিজাইন-বিল্ড, চুক্তিগুলির মধ্যে ঘনিষ্ঠ সমন্বয়, এবং ব্যাক হাউজ, আনুষঙ্গিক স্থান এবং স্টেশনের আকার কমানো।
সব মিলিয়ে, এই উদ্যোগগুলি 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় করেছে।

ইস্ট হার্লেমে আরো ভালো ট্রানজিট প্রদান করা

ইস্ট হার্লেম ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত একটি এলাকা যেখানে ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) সাশ্রয়ী হাউজিংয়ের সবথেকে বেশি ঘনত্বগুলির একটি আছে এবং সেখানে 70 শতাংশ বাসিন্দা ট্রানজিটের উপর নির্ভর করে। ফেজ 2 কমিউনিটির ঠিক কেন্দ্রে, 106 Street, 116 Street, এবং 125 Street-এ তিনটি নতুন অ্যাক্সেসিবল স্টেশন তৈরি করবে, এবং ইস্ট হার্লেম থেকে আপার ইস্ট সাইড, ওয়েস্ট মিডটাউন, এবং কনি আইল্যান্ড (Coney Island) পর্যন্ত একটানা যাত্রা সম্ভব করবে, যা যাত্রার সময় 20 মিনিট পর্যন্ত কম করবে।

Second Avenue Subway প্রজেক্টের ফেজ 2 হাজার হাজার চাকরি তৈরি করবে, যার মধ্যে ইউনিয়ন বেতনের নির্মাণ চাকরি থাকবে। প্রজেক্টের জন্য 20 শতাংশ স্থানীয় নিয়োগের লক্ষ্যের ফলে ইস্ট হার্লেমের বাসিন্দাদের জন্য কয়েকশত ভালো বেতনের চাকরির সুযোগ তৈরি হবে।
ইস্ট হার্লেমকে অনেক দিন ধরেই Second Avenue-তে একটি নতুন সাবওয়ে সংযোগের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। 1920-এর দশকে Second System প্রস্তাবনা, যা পরিশেষে IND সাবওয়ে সিস্টেম হয়ে উঠে, সেখানে Second Avenue-এর জন্য সেবা ছিলো। 1948 সালে নিউ ইয়র্ক সিটির ভোটাররা Second avenue subway গঠন করার জন্য বন্ডিংয়ের অনুমোদন দেন, কিন্তু কোরিয়ান যুদ্ধ (Korean War) শুরু হওয়ার পর সেটিকে আর বানানো হয়নি। 1972 সালে

ইস্ট হার্লেমের লাইনের নির্মাণ অবশেষে শুরু হয়, কিন্তু পরে সিটির আর্থিক সঙ্কটের কারণে এটিকে 1975 সালে বন্ধ করে দেওয়া হয়। 1970-এর দশকে নির্মাণ করা টানেলের কিছু অংশ ফেজ 2-এ ব্যবহার করা হবে, যার মধ্যে 116 St station থাকবে।

ফেজ 2 সম্পর্কে

প্রজেক্টের দ্বিতীয় ফেজ Q ট্রেন সেবাকে 96 Street থেকে উত্তর দিকে 125 Street পর্যন্ত এবং তারপর পশ্চিম দিকে 125 Street থেকে Park Avenue পর্যন্ত, আনুমানিক মোট 1.5 মাইল সম্প্রসারণ করবে। Lexington Avenue-এর সাবওয়ে লাইনে বিদ্যমান 125 St সাবওয়ে স্টেশন পর্যন্ত সরাসরি যাত্রী সংযোগ থাকবে। ফেজ 2-এ এছাড়াও Park Avenue-এ একটি প্রবেশপথ থাকবে যা Metro-North Railroad-এর 12 Street Station পর্যন্ত সুবিধাজনক স্থানান্তর সম্ভব করবে।

প্রতিটি স্টেশনের মাটির উপরে আনুষঙ্গিক বিল্ডিং থাকবে যেখানে হাউজের বায়ুচলাচল, যান্ত্রিক, এবং বৈদ্যুতিক সরঞ্জাম থাকবে, এবং একই সাথে নিচতলার সম্ভাব্য খুচরা বিক্রি এবং কমিউনিটির ব্যবহারের জন্য স্থান থাকবে। ফেজ 1-এর সাথে মিলে এই সম্প্রসারণ প্রতিদিন আরো 300,000 বেশি যাত্রীকে সেবা দিবে এবং তিনটি নতুন Americans with Disabilities Act (ADA) অ্যাক্সেসিবল স্টেশন দিবে, যা কাস্টোমারদের আরাম ও সুবিধার মান বাড়িয়ে দিবে। Park Avenue-তে 125 Street-এর স্টেশনে বাড়তি মাল্টিমোডাল ট্রানজিট সংযোগ যেখানে 4 5 6 লাইন, Metro-North এবং LaGuardia Airport পর্যন্ত M60 Select Bus Service-এর সংযোগ থাকবে, তা অন্যান্য সাবওয়ে এবং যাত্রীবাহী রেল লাইনে সুবিধাজনক স্থানান্তর সম্ভব করবে, যা পুরো সিটি এবং মেট্রোপলিটন অঞ্চলে আরো মসৃণ, আরো দ্রুত পরিবহণ সম্ভব করবে।

U.S. সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "আজকের কাজ শুরু হওয়া এবং Second Avenue Subway-এর ফেজ টু-এর জন্য আরেকটি নির্মাণ চুক্তি প্রদান আমাদেরকে নিউ ইয়র্কে পরিবহন সমতা ও অসাধারণত্ব অর্জনের আরো কাছাকাছি নিয়ে এসেছে। এই প্রজেক্ট নিশ্চিত করবে যাতে ইস্ট হার্লেমে চাকরি, স্বাস্থ্যসেবা, পরিবার, এবং অন্যান্য প্রয়োজনীয় সেবার আরো ভালো সুযোগ থাকে এবং একই সাথে যানজট ও সাবওয়ের ভিড় কমাবে এবং বায়ুর মান উন্নত করবে। রিপ্রেজেন্টেটিভ Adriano Espaillat (আদ্রিয়ানো এস্পিয়াত) এবং গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) সাথে কাজ করে আমি এই রূপান্তরমূলক প্রজেক্ট অগ্রসর করতে 3.4 বিলিয়ন মার্কিন ডলারের ফেডারেল তহবিল নিশ্চিত করেছি, যা সেই সময় Capital Investment Grant-এর ইতিহাসে সব থেকে বড় ছিলো। নির্মাণকাজ শেষ হলে 300,000-এর বেশি নিউ ইয়র্কবাসী প্রায় দুই মাইল নতুন ট্র্যাক, ছয়টি নতুন স্টেশন, এবং একটি সম্পূর্ণ সংস্কারকৃত স্টেশনের সুবিধা পাবেন।"

U.S. সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "নিউ ইয়র্কবাসীরা Second Avenue Subway সম্প্রসারণের জন্য অনেক লম্বা সময় ধরে অপেক্ষা করেছেন, এটি যাতায়াতের সময় কমাবে, নতুন চাকরির সুযোগ তৈরি করবে, এবং ইস্ট হার্লেমে অতি প্রয়োজনীয় পরিবহন সংযোগ প্রদান করবে। আমি গর্বিত যে MTA 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় নিশ্চিত করছে এবং প্রজেক্টের কিছু অংশ নির্ধারিত সময়ের আগেই হচ্ছে। এই অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রজেক্টগুলি আমাদের অর্থনীতির প্রাণশক্তি এবং এগুলি আমাদের যাত্রী ও পরিবারের প্রাপ্য নিরাপদ, নির্ভরযোগ্য, ও অ্যাক্সেসিবল গণপরিবহন ব্যবস্থা নিশ্চিত করবে।"

U.S. রিপ্রেজেন্টেটিভ Adriano Espaillat (আদ্রিয়ানো এস্পিয়াত) বলেন, "ইস্ট হার্লেম অনেক দিন ধরে একটি পরিবহনবঞ্চিত এলাকা হয়ে আছে, ফলে দেশের অন্যতম সেরা গণপরিবহন ব্যবস্থার শহর হওয়া সত্ত্বেও সেখানে 100,000-এর বেশি নিউ ইয়র্কবাসী কোনো সাবওয়ে সংযোগ ছাড়া বাস করছে। আমি কংগ্রেসে যোগ দেওয়ার পর 106th Street ও 116th Street-এ Second Avenue Subway স্টেশন নির্মাণ এবং 125th Street-এর সাথে সংযোগ স্থাপনকে অগ্রাধিকার দিয়েছিলাম। কমিউনিটি এবং কংগ্রেসে অনেক বছরের চেষ্টার পর আজকের দিনটি আমাদের এই নতুন সাবওয়ে তৈরির সফল উদ্যোগের আরেকটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যা অনেক দশক ধরে স্থবির হয়ে থাকা এই ধারণাকে বাস্তবে রূপ দিচ্ছে। গভর্নর Hochul (হোকল), নেতা Schumer (শুমার), নেতা Jeffries (জেফ্রিজ), Janno Lieber (জ্যানো লিবার), স্থানীয় অফিসে থাকা আমাদের সহকর্মী, এবং অন্যান্য আরো অনেকের যৌথ অঙ্গীকার ও প্রচেষ্টার জন্য আমি কৃতজ্ঞ। সামনের দিনে, আমি আমাদের বিদ্যমান চেষ্টা বাড়াতে এই নেতাদের জোটের সাথে কাজ চালিয়ে যাবো যাতে নিশ্চিত করতে পারি যে এই ঐতিহাসিক প্রজেক্ট এল ব্যারিওতে (El Barrio) আমাদের প্রতিবেশীদের জন্য বেশি বেতনের, দক্ষ কর্মীর চাকরি নিয়ে আসে, এবং যাতে যথাযথ সুরক্ষা বাস্তবায়ন করতে পারি যাতে ভবিষ্যৎ নির্মাণকাজের সময় তারা স্বাচ্ছন্দ্যে থাকতে পারেন এবং তাদের পরিচিত, প্রিয়, বসবাসের এলাকায় থাকতে ও বিকাশ করতে পারেন।"

স্টেটের সিনেটর José M. Serrano (হোসে এম সেরানো) বলেন, "আমি অনেক দিন অপেক্ষার পর Second Ave Subway প্রজেক্টের পরবর্তী ফেজের কাজ শুরু দেখে অত্যন্ত আনন্দিত। 29তম সিনেট ডিস্ট্রিক্টের সিনেটর হিসেবে, যেখানে আমি সাউথ ব্রঙ্কস (South Bronx) এবং ইস্ট হার্লেমের কমিউনিটিগুলির প্রতিনিধিত্ব করি, আমি অনেক দিন ধরে এই গুরুত্বপূর্ণ বিনিয়োগের সমর্থক যা নিউ ইয়র্ক সিটিতে বাসিন্দা ও যাত্রীদের জন্য অতি প্রয়োজনীয়। এই প্রজেক্টের ফেজ 2-তে সফলভাবে অগ্রসর হওয়ার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), কংগ্রেসের সদস্যদের, আমাদের ফেডারেল পার্টনারদের , এবং সেই সাথে ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনকে (Department of Transportation) আন্তরিক ধন্যবাদ।"

স্টেটের সিনেটর Cordell Cleare (কর্ডেল ক্লিয়ার) বলেন, "আমার নির্বাচনী এলাকার বাসিন্দাদের পক্ষ থেকে আমি আনন্দিত যে Second Avenue Subway-এর ফেজ 2 এখনো পরিবহন সমতা আনতে এবং আমাদের অনেক দিনের বাসিন্দাদের যথার্থভাবেই প্রাপ্য আধুনিক উন্নয়ন সঠিক পথে অগ্রসর হচ্ছে। এই প্রজেক্টে তার ধারাবাহিক প্রতিশ্রুতির গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি এবং আমি সবাইকে আহ্বান জানাচ্ছি যাতে শুধু টানেল তৈরির সময় নয়, বরং এছাড়াও কমিউনিটির সমৃদ্ধি ও জীবনযাপনের মান উন্নত করতেও তারা আমাদের সম্মিলিত চেষ্টাকে দ্বিগুণ করে দেন।"

অ্যাসেম্বলির সদস্য Edward Gibbs (এডওয়ার্ড গিবস) বলেন, "ইস্ট হার্লেম এক শতাব্দীরও বেশি সময় ধরে Second Avenue Subway-এর জন্য অপেক্ষা করেছে। আমরা পরিকল্পনা আসতে ও চলে যেতে দেখেছি, প্রতিশ্রুতি দিতে এবং ভাঙ্গতে দেখেছি, এবং সুযোগকে আমাদের কমিউনিটিকে পাশ কাটিয়ে যেতে দেখেছি। আজকের কাজ শুরু হওয়া প্রমাণ করে যে এবার পরিস্থিতি আলাদা। অনেক প্রজন্মের মধ্যে প্রথমবারের মতো বাসিন্দারা নিজেদের চোখের সামনে এই প্রজেক্টকে বাস্তবে রূপ নিতে দেখছেন এবং জানতে পারছেন যে পরিবহন সমতার

প্রতিশ্রুতি অবশেষে বাস্তবে পরিণত হচ্ছে। প্রজেক্টটি বাস্তবায়নে তার ধারাবাহিক প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Jordan J.G. Wright (জর্ডান জে জি রাইট) বলেন, "হার্লেমে Second Avenue Subway-এর আজকের কাজ শুরু হওয়া শুধু একটি নির্মাণ মাইলফলক নয়; এটি আমাদের কমিউনিটির মর্যাদা, সচলতা, এবং অর্থনৈতিক ভবিষ্যতের জন্য অনেক দিন অপেক্ষা করার পর পাওয়া একটি বিনিয়োগ। অনেক বেশি দিন ধরে হার্লেমের বাসিন্দারা সীমিত পরিবহন সুবিধার বোঝা বহন করেছেন যদিও তারা এই শহরের প্রাণশক্তিতে অসাধারণ অবদান রেখেছেন। আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), স্টেট আইনসভাতে (State Legislature) আমাদের পার্টনার, আমাদের সিটির কর্মকর্তা, আমাদের ফেডারেল প্রতিনিধিদল, কমিউনিটি বোর্ড,, শ্রমিক ইউনিয়ন, অ্যাডভোকেট, এবং এই দিনটি সম্ভব করতে লড়াই করা প্রত্যেক স্টেকহোল্ডারকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা একসাথে হার্লেমের প্রাপ্য আধুনিক, নির্ভরযোগ্য পরিবহন ব্যবস্থা দেওয়ার ব্যবস্থা করছি।"

ম্যানহাটন (Manhattan) বরোর প্রেসিডেন্ট Brad Hoylman-Sigal (ব্র্যাড হোয়েলম্যান-সিগাল) বলেন, "Second Avenue Subway-এর ফেজ 2 হলো হার্লেম, ইস্ট হার্লেম, ওয়াশিংটন হাইটস, এবং পুরো আপার ম্যানহাটনের ভবিষ্যতের জন্য একটি প্রজন্মগত বিনিয়োগ। অনেক লম্বা সময় ধরে ম্যানহাটনের অনেক বেশি বাসিন্দারা দ্রুত ও নির্ভরযোগ্য পরিবহন সুবিধার অভাব অনুভব করেছেন। এই সম্প্রসারণ মিডটাউন (Midtown) এবং লোয়ার ম্যানহাটনের কেন্দ্রস্থলে সরাসরি একটানা যাত্রা করার সুযোগ দিবে, উভয় দিকে যাতায়াতের সময় সর্বোচ্চ 20 মিনিট পর্যন্ত কমিয়ে আনবে। প্রজেক্টটির নেতৃত্ব দেওয়া ও এতে বিনিয়োগ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল) এবং MTA চেয়ারম্যান Janno Lieber-এর (জ্যানো লিবার) প্রতি, এবং প্রয়োজনীয় ফেডারেল তহবিল নিশ্চিত করতে বছরের পর বছর কাজ করার জন্য কংগ্রেসের সদস্য Adriano Espaillat-এর (আদ্রিয়ানো এস্পিয়াত) প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। এটি পরিবহন, ক্রয়ক্ষমতা, ও সুযোগ-সুবিধার জন্য ঠিক সেই ধরনের বিনিয়োগ যা নিউ ইয়র্কবাসীরা প্রাপ্য।"

সিটির কম্পট্রোলার Mark Levine (মার্ক লেভিন) বলেন, "Second Avenue Subway-এর পরবর্তী ফেজ ইস্ট হার্লেম এবং আপটাউন ম্যানহাটনের অর্থনীতিকে শক্তিশালী করার জন্য একটি বহুমাত্রিক কৌশলের প্রতিফলন, যা শুধু প্রজেক্ট শেষ হওয়ার পর প্রজেক্ট যে সুফল দিতে চায় সেখান না, বরং নির্মাণকাজের সময়ও দেখা যাবে। একটি নতুন, অ্যাক্সেসিবল পরিবহন লাইন, 70,000 ইউনিয়নের চাকরি, এবং 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় হলো সরকারের অভিযোজনক্ষমতা ও দক্ষতা কেমন হতে পারে তার প্রতীক। আমি ফেজ 2-এর কাজ দ্রুত শুরু হওয়ার অপেক্ষায় আছি, এবং এই কাজ থেকে আরো মূল্যবান শিক্ষা অর্জনের প্রত্যাশা করছি।"

কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ নেতা Shaun Abreu (শন আব্রেউ) বলেন, "এক শতাব্দী ধরে আপার ম্যানহাটন অতি প্রয়োজনীয় Second Ave সংযোগের জন্য অপেক্ষা করেছে, আর এখন গভর্নর Hochul (হোকল) সেটি বাস্তবায়ন করছেন। নতুন এই লাইন প্রতিদিনের কয়েক লাখ যাত্রীর জন্য যুগান্তকারী যোগাযোগ সুবিধা সৃষ্টি করবে। আমরা ফেজ 2-এর নির্মাণকাজ শুরু হওয়ার অপেক্ষায় আছি এবং পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত সংযুক্ত হার্লেম গড়ে তোলার ব্যাপারে গভর্নরের বিশাল পরিকল্পনার কারণে অনেক বেশি খুশি!"

কাউন্সিলের সদস্য Yusef Salaam (ইউসেফ সালাম) বলেন, "আজকে আরো শক্তিশালী, আরো সংযুক্ত একটি নিউ ইয়র্ক গঠন করতে আমাদের প্রতিশ্রুতির জন্য আরেকটি বড় মাইলফলক অর্জিত হলো। Second Avenue Subway প্রজেক্টের ফেজ 2 ইস্ট হার্লেমে অনেক দিনের অপেক্ষার পর ট্রানজিট অ্যাক্সেস নিয়ে আসবে, হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে চাকরি ও নতুন সুযোগের সাথে সংযুক্ত করবে এবং এমন একটি প্রতিশ্রুতি পূরণ করবে যা প্রজন্মের পর প্রজন্ম ধরে দেওয়া হচ্ছে। ফেজ 1 থেকে পাওয়া শিক্ষা কাজে লাগিয়ে আমরা এই প্রজেক্টকে আরো দক্ষতার সাথে অগ্রসর করছি, করদাতাদের 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ সাশ্রয় করছি এবং একই সাথে ভালো বেতনের ইউনিয়নের চাকরি তৈরি করছি এবং নির্ভরযোগ্য গণপরিবহনে ন্যায্য অ্যাক্সেসকে বাড়াচ্ছি। আরো ভালোভাবে, আরো দ্রুত এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য এভাবেই আমরা ভবিষ্যৎ নির্মাণ করি।"

New York Building Congress-এর প্রেসিডেন্ট এবং CEO Carlo A. Scissura, Esq (কার্লো এ সিজুরা, এস্কয়ার) বলেন, "প্রায় এক শতাব্দী ধরে ইস্ট হার্লেমের বাসিন্দাদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে যে তাদের কমিউনিটি আমাদের গণপরিবহন ব্যবস্থার সংযোগ সুবিধা থেকে উপকৃত হবে। আজকে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), Adriano Espaillat (আদ্রিয়ানো এস্পিয়াত) এবং MTA-এর সাথে Building Congress-এর সদস্যরা এই প্রতিশ্রুতিকে বাস্তবে রূপ দিতে মাটিতে কোদাল চালানোর, অর্থাৎ বর্তমান যুগের টানেল বোরিং মেশিন নামানোর জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছেন।"

Building and Construction Trades Council of Greater New York-এর প্রেসিডেন্ট Gary LaBarbera (গ্যারি লাবারবেরা) বলেন, "Second Avenue Subway-এর ফেজ 2-এর কাজ শুরু করা হলো নিউ ইয়র্কবাসীর প্রাপ্য আধুনিক পরিবহন অবকাঠামো দেওয়ার পথে একটি বড় অগ্রগতি এবং একই সাথে এটি হাজার হাজার পরিবার সমর্থনকারী মধ্যবিত্ত ক্যারিয়ারের সুযোগ তৈরি করবে। এই প্রজেক্ট ইস্ট হার্লেমের বাসিন্দাদের চাকরি, শিক্ষা, স্বাস্থ্যসেবা, এবং সিটিতে নানা সুযোগের সাথে সংযুক্ত করবে, এবং একই সাথে দক্ষ নারী ও পুরুষ নির্মাণকর্মীদের এমন গুরুত্বপূর্ণ অবকাঠামো নির্মাণের কাজে নিয়োজিত করবে যা আগামী অনেক প্রজন্মের কাজে লাগবে। রূপান্তরমূলক এই বিনিয়োগ অগ্রসর করা এবং এর মাধ্যমে সিটি ও স্টেটের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য আমরা গভর্নর Hochul (হোকল), MTA, এবং আমাদের সকল পার্টনারের প্রশংসা করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন